# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২২১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কওমের মাঝে সর্বোত্তম হওয়া সত্তেও যদি মুয়াযি্যন ও অন্যান্য মুসল্লী তার সালাতে আসার জন্য অপেক্ষা না করে, তার জন্য মুস্তাহাব হলো এতে কষ্ট না পাওয়া

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِذَا لَمْ يَنْتَظِرْهُ الْمُؤَذِّنُ وَالْقَوْمُ عِنْدَ إِتْيَانِهِ الصَّلَاةَ أَنْ لَا يَجِدَ فِي نَفْسِهِ عَلَيْهِمْ وَإِنْ كَانَ أَفْضَلَهُمْ

---

আরবী

2221 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عَبَّادُ بْنُ زِيَادٍ أَنَّ عُرْوَةَ بْنَ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ أَبَاهُ يَقُولُ: عَدَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا مَعَهُ فِي غَزْوَةِ تَبُوكَ قَبْلَ الْفَجْرِ فَعَدَلْتُ مَعَهُ فَأَنَاخَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَرَّزَ ثُمَّ جَاءَنِي فَسَكَبْتُ عَلَى يَدَيْهِ مِنَ الْإِدَاوَةِ فَغسَلَ كَفَّيْهِ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثُمَّ حَسَرَ عَنْ ذِرَاعَيْهِ فَضَاقَ كُمُّ جُبَّتِهِ فَأَدْخَلَ يَدَيْهِ فأخرجهما مِنْ تَحْتِ الجُبَّة فغَسَلَهُمَا إِلَى المرفق وَمَسَحَ بِرأْسِهِ ثُمَّ تَوَضَّأَ عَلَى خُفَّيْهِ ثُمَّ رَكِبَ فَأَقْبَلْنَا نَسِيرُ حَتَّى نَجدَ النَّاسَ فِي الصَّلَاةِ قدَّموا عبد الرحمن بن عوف قَدْ رَكَعَ بِهِمْ رَكْعَةً مِنْ صَلَاةِ الْفَجْرِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَ الْمُسْلِمِينَ وَرَاءَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ فَصَلَّى الرَّكْعَةَ الثَّانِيَةَ مِنْ صَلَاةِ الْفَجْرِ ثُمَّ سَلَّمَ عَبْدُ الرَّحْمَنِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُتِمُّ صَلَاتَهُ فَفَزِعَ الْمُسْلِمُونَ وَأَكْثَرُوا التَّسْبِيحَ لِأَنَّهُمْ سَبَقُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا سَلَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُمْ: (أَحْسَنْتُمْ أو قد أصبتم)

الراوي : الْمُغِيرَة بْن شُعْبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2221 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২২২১. মুগীরা বিন শু’বাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “তাবূক যুদ্ধের সময় ফজরের আগে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাস্তা থেকে একদিকে সরে যান, এসময় আমিও তাঁর সাথে সরে যাই। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উটকে বসান এবং হাজত সারেন। তারপর তিনি আমার কাছে আসেন, আমি পাত্র হতে তাঁর হাতের উপর পানি ঢেলে দেই। তিনি তাঁর দুই হাতের কব্জি পর্যন্ত ধৌত করেন, তারপর মুখ ধৌত করেন। তারপর তিনি হাত থেকে জামা গুটিয়ে নিতে চান, কিন্তু তাঁর জামার অস্তিন সংকুচিত হয়ে যায় ফলে তিনি হাত জুব্বার নিচ দিকে থেকে বের করেন। তারপর কনুই পর্যন্ত হাত ধৌত করেন এবং মাথা মাসেহ করেন। তারপর তাঁর মোজার উপর মাসেহ করেন। অতঃপর বাহনে আরোহন করেন। তারপর আমরা চলতে থাকি এমনকি আমরা লোকদেরকে সালাতে পেয়ে যাই। যখন সালাতের সময় হয়ে যায়, তখন তারা আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহুকে ইমাম হিসেবে সামনে বাড়িয়ে দিয়েছিলেন। ফলে তিনি তাদের নিয়ে সালাত আদায় করেন। আমরা তাদের কাছে এমন অবস্থায় পৌঁছি যে, আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহু তাদের নিয়ে এক রাকা‘আত সালাত সম্পন্ন করে ফেলেছেন।

অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহুর পিছনে মুসলিমদের সাথে ফজরের দ্বিতীয় রাকা‘আত সালাত আদায় করেন। তারপর আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহু সালাম ফেরালে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঠে বাকী সালাত পূর্ণ করেন। এসময় মুসলিমগণ ভীত হয়ে পড়েন এবং বারবার ‘সুবহানাল্লাহ’ বলতে থাকেন। কেননা তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অগ্রগামী হয়েছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাম ফেরালেন, তখন তাদেরকে বললেন, “তোমরা ভালো করেছো অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন) তোমরা সঠিক কাজ করেছো।” [1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৪৯; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৪৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৪৮; আবূ আওয়ানা: ২/২১৫; তাবারানী: ২০/৮৮০; মুসনাদ আহমাদ: ৪/২৪৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91539

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন